

**তথ্য কমিশন**  
প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ২২/২০১৫

অভিযোগকারী : জনাব নিরজেন কুমার বিশ্বাস  
পিতা-গোপাল চন্দ্র বিশ্বাস, ফেয়ার  
৮৫/১ আর এ খাঁন চৌধুরী রোড  
ছয় রাস্তার মোড়, থানাপাড়া  
কুষ্টিয়া।

প্রতিপক্ষ : শেফালী রহমান  
প্রধান শিক্ষক  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
কুষ্টিয়া সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়  
কুষ্টিয়া।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১৮-০৩-২০১৫ ইং)

অভিযোগকারী জনাব নিরজেন কুমার বিশ্বাস ২৩-০৯-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে প্রধান শিক্ষক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), কুষ্টিয়া সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, কুষ্টিয়া বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

১. যে সিদ্ধান্তের আলোকে ২০১২ শিক্ষাবর্ষে হরিজন শিক্ষার্থীদের জন্য ভর্তিকোটা প্রদান করা হয়েছিল সে সিদ্ধান্তের ফটোকপি।
২. যে সিদ্ধান্তের আলোকে ২০১৪ শিক্ষাবর্ষে হরিজন শিক্ষার্থীদের জন্য ভর্তিকোটা বাতিল করা হয়েছে সে সিদ্ধান্তের ফটোকপি।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ১৩-১০-২০১৪ তারিখে জেলা প্রশাসক, কুষ্টিয়া বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পর ২৪-১১-২০১৪ তারিখে ১৮১২ স্মারকে অভিযোগকারীকে যথাযথ কর্তৃপক্ষ বরাবরে আপীল আবেদন করার নির্দেশনা দিয়ে পত্র প্রেরণ করেন। পত্রের প্রেক্ষিতে অভিযোগকারী ১০-১২-২০১৪ তারিখে জেলা শিক্ষা কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), জেলা শিক্ষা অফিস, কুষ্টিয়া বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৯-০১-২০১৫ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৫-০২-২০১৫ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৮-০৩-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব নিরজেন কুমার বিশ্বাস তার প্রার্থীত তথ্য প্রাপ্ত হয়ে অভিযোগ প্রত্যাহারের জন্য তথ্য কমিশনে আবেদন প্রেরণ করে গরহাজির। প্রতিপক্ষ শেফালী রহমান, প্রধান শিক্ষক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), কুষ্টিয়া সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, কুষ্টিয়া গরহাজির।

### পর্যালোচনা

অভিযোগকারীর দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনাতে পরিলক্ষিত হয় যে, শেফালী রহমান, প্রধান শিক্ষক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), কুষ্টিয়া সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, কুষ্টিয়া অভিযোগকারীকে তার যাচিত তথ্যাদি সরবরাহ করেছেন এবং অভিযোগকারী তার প্রার্থীত তথ্য প্রাপ্ত হয়েছেন। প্রাপ্ত তথ্যে সন্তুষ্ট হয়ে অভিযোগকারী অভিযোগটি প্রত্যাহারের আবেদন করেছেন বিধায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য হিসেবে গণ্য করা যায়।

(অ: পঃ দ্রঃ)

## সিদ্ধান্ত।

যেহেতু, শেফালী রহমান, প্রধান শিক্ষক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), কুষ্টিয়া সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, কুষ্টিয়া অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সরবরাহ করেছেন এবং যেহেতু, অভিযোগকারী প্রাপ্ত তথ্যে সম্পত্তি হয়ে অভিযোগটি নিষ্পত্তির আবেদন করেছেন, সেহেতু, অভিযোগটি নিষ্পত্তি করা হলো এবং সরবরাহকৃত তথ্যের ফটোকপি অত্র সিদ্ধান্ত প্রাপ্তির ৭ দিনের মধ্যে তথ্য কমিশনে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশ দেয়া হলো। অন্যথায় পরবর্তী আইনানুগ কার্যক্রম গ্রহণ করা হবে।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)  
তথ্য কমিশনার

(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার